''মুজিববর্ষের অঙ্গীকার
সুরক্ষিত হবে মানবাধিকার''

**জাতীয় মানবাধিকার কমিশন**
বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
পিএবিএক্স নম্বর: ৫৫০১৩৭২৬-২৮; হেল্প লাইন নম্বর: ১৬১০৮
ওয়েবসাইট- www.nhrc.org.bd, ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারকঃ ৫৫.১২.০০০০.১০৭.৩২.০০৩.১৯-২২৩ তারিখঃ ২৮.০৩.২০২০

**বিষয়: করোনা ভাইরাস প্রতিরোধে প্রজাতন্ত্রের কর্মচারীগণের দায়িত্ব পালনের ক্ষেত্রে সহনশীল ও মানবিক আচরণ করার নির্দেশনা প্রদান।**

পৃথিবীর প্রতিটি দেশই আজ করোনা ভাইরাসে আক্রান্ত এবং এর সংক্রমণ ঠেকাতে সীমাহীন চেষ্টা চালিয়ে যাচ্ছে। বাংলাদেশ সরকারও এই মানবিক বিপর্যয় প্রতিরোধে সময় উপযোগী পদক্ষেপ গ্রহণ করেছে। কয়েকটি ক্ষেত্র ব্যাতিরেকে সরকার জনগণকে বাড়িতে অবস্থানের অনুরোধ জানিয়েছে। জনগণ এতে স্বত:স্ফূর্তভাবে সাড়াও দিয়েছে। কিন্তু খেটে খাওয়া দিনমজুর জীবিকার তাগিদে এবং সাধারণ মানুষকে নিত্য প্রয়োজনীয় পণ্যদ্রব্য ক্রয়ের জন্য বাইরে বের হওয়ার প্রয়োজন হয়।

০২। গণমাধ্যমে প্রচারিত সচিত্র প্রতিবেদন হতে কমিশন লক্ষ্য করছে যে, আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কতিপয় সদস্য দায়িত্ব পালনকালীন সময়ে কোন কোন ক্ষেত্রে অপমানকর আচরণ এবং লাঞ্ছিত করছে, যা মানবাধিকারের চরম লংঘন। সম্প্রতি নভেল করোনা ভাইরাস প্রতিরোধে যশোরের মনিরামপুরে মাস্ক না পরায় তিনজন বয়োজ্যেষ্ঠ ব্যক্তিকে কান ধরিয়ে দাঁড় করানোর সাজা প্রদান করে উপজেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি) সাইয়েমা হাসান। তিনি ঘটনাটি নিজের মোবাইল ফোনে ছবি তুলে রাখেন মর্মে ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করে গণমাধ্যমে সংবাদ প্রকাশিত হয়। কমিশনও এই ঘটনার তীব্র নিন্দা এবং ক্ষুব্ধ প্রতিক্রিয়া জ্ঞাপন করেছে।

০৩। কমিশন মনে করে প্রজাতন্ত্রের কর্মচারীর বিরুদ্ধে এধরণের অভিযোগ অনভিপ্রেত। মানবিক মর্যাদা ক্ষুন্ন করে এমন কোন সাজা প্রদান বেআইনি এবং অসাংবিধানিক। দুর্যোগের সময় পেশাদারিত্বের পরিচয় দিয়ে মানবিক আচরণের মাধ্যমে জনগণের সেবা করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। রাষ্ট্রীয় দুর্যোগের এই মুহূর্তে জনগণকে ঘরে থাকার বিষয়ে উদ্বুদ্ধ না করে কান ধরিয়ে দাঁড় করে অপমান করার অধিকার কোন সরকারি কর্মচারীকে দেওয়া হয়নি। সংকটের সময় খেটে খাওয়া মানুষেরা জীবিকার তাগিদে ঘর থেকে বের হলে তাদেরকে খাদ্য ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী প্রদানসহ সচেতন করতে হবে।

০৪। বর্ণিত প্রেক্ষাপটে, যশোরের মনিরামপুরের ঘটনায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের তাৎক্ষণিক গৃহীত ব্যবস্থাকে কমিশন সাধুবাদ জানিয়েছে। করোনা ভাইরাস প্রতিরোধে প্রজাতন্ত্রের কর্মচারীগণের দায়িত্ব পালনের ক্ষেত্রে আরও সহনশীল এবং মানবিক আচরণ প্রদর্শনের প্রয়োজনীয় নির্দেশনা জারি করতে আদিষ্ট হয়ে অনুরোধ করা হল।

কাজী আরফান আশিক
পরিচালক (প্রশাসন ও অর্থ)
জাতীয় মানবাধিকার কমিশন

সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার